# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

## কলেজ শাখা

Website : bise-ctg.gov.bd

স্মারক নম্বর: চশিবো/ ক-শা/ বিষয়-বিভাগ/৪৭৫/১৮ (অংশ-১)/৮৯৮৬ (৩০৫) তারিখ: ০৩/ ০৫/২০২৩খ্রি:

### ২০২২ - ২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিভাগ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন কলেজ, স্কুল এন্ড কলেজ সমূহের অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও অভিভাবকদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে আগ্রহী তাদেরকে আসন শূন্য ও নির্ধারিত জিপিএ থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত "ছক" পূরণ পূর্বক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। কলেজ কর্তৃপক্ষ সকল আবেদন যাচাই-বাছাইপূর্বক বর্তমান বিভাগ ও বিষয় এবং পরিবর্তিত বিভাগ ও বিষয় (অনুমোদিত) উল্লেখ করে নিম্নোক্ত ছক মোতাবেক বিবরণী অধ্যক্ষের অগ্রায়নসহ আগামী ২৫/০৫/২০২৩ খ্রি: তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হল। আবেদনের সাথে eSIF ও এসএসসি পাসের ট্রান্সক্রিপ্ট এর ফটোকপিসহ (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) নির্ধারিত ফি বাবদ প্রতি ছাত্র ৬০০/- (ছয়শত) টাকা হারে সোনালী ব্যাংক বুথ এ (শিক্ষাবোর্ড ভবনের নীচ তলায়) জমা দিয়ে সংশ্লিষ্ট শাখা'র রসিদ যুক্ত করতে হবে। বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক বা ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তি হওয়ার পর শুধুমাত্র ব্যবসায় শিক্ষা বা মানবিক বিভাগে পরিবর্তন করতে পারবে। তবে ভর্তি নীতিমালা-২০২২ এর ৫.১১-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী মানবিক বা ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থী বিজ্ঞান বিভাগে বিভাগ পরিবর্তনের সুযোগ নেই। বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য বিভাগে ভর্তি হওয়ার পর পরবর্তীতে ভর্তিকৃত কলেজে বিজ্ঞান বিভাগ প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই। তবে ভিন্ন প্রতিষ্ঠানে যোগ্যতা সাপেক্ষে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে।

**বিভাগ পরিবর্তনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের বিবরণ:**

| ক্রম | কলেজের নাম ও EIIN | ছাত্র/ছাত্রীর নাম ও পিতার নাম | পাশের সন, এসএসসি রোল ও রেজি: নম্বর | ভর্তির ধরণ | | পঠিত বিভাগ ও বিষয় (ইংরেজিতে বিষয় কোডসহ) | চাহিত বিভাগ ও বিষয় (ইংরেজিতে বিষয় কোডসহ) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অনলাইন | ম্যানুয়েল | | |

**অনুসরণীয় শর্তঃ**

** বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই ২০২২ - ২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে "ভর্তি নীতিমালা-২০২২ " ও NCTB কর্তৃক প্রণীত বিষয় কাঠামো কঠোরভাবে অনুসরণ করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

** পরিবর্তনের জন্য প্রস্তাবিত বিভাগে ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ থাকতে হবে।

** বিভাগ পরিবর্তনের জন্য আসন শূন্য থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৩/৫/২৩

(প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।